গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা) ,৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৪.০২.০০০০.০০০.১৮.১৫৯.২৩.২৪৯

**বিষয়: আমানাহ এ্যাপারেলস নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে ৮ম শ্রেণীর ২য় এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ প্রসঙ্গে।**

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদনপত্র নং-৮৮৩, তারিখঃ ০৩/০৮/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ আবেদনের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আমানাহ এ্যাপারেলস, অফিস ও কারখানাঃ নরসিংহপুর, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকানামক কারখানাটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমূখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধন নং: আরএমজি/ইএক্সপি/০০০১১০৬-২৩, তারিখ: ১২/০২/২০২৩ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: তৈরী পোশাক (নীট ও ওভেন)। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে তাদের অনুকূলে ৮ম শ্রেণীর ২য় এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজ পত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে তাঁদের অনুকূলে ৮ম শ্রেণীর ২য় এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ষান্মাসিক আমদানি স্বত্ব নির্ধারণ প্রযোজ্য নয় বিধায় ১০০% রপ্তানিমূখী তৈরি পোশাক শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৪.৯ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে আমানাহ এ্যাপারেলস ১০০% রপ্তানিমূখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান হওয়ায় প্রতিষ্ঠানটির অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে ৮ম শ্রেণীর ২য় এড-হক শিল্প আই আর সি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমূখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

১৩-০৮-২০২৩
রাজু আহমেদ
উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৪.০২.০০০০.০০০.১৮.১৫৯.২৩.২৪৯/১
(৫)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৫ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০;
২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা;
৩। স্বত্বাধিকারী, আমানাহ এ্যাপারেলস, অফিস ও কারখানাঃ নরসিংহপুর, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা;
৪। সহকারী মেনটেইন্যান্স ইঞ্জিনিয়ার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য) এবং

৫। ওয়ান স্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

১৩-০৮-২০২৩
মৃত্যুঞ্জয় কুমার মহন্ত
সহকারি পরিচালক